আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন বর্ষিয়ান রাজনিতি বিদ আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।
গতকাল সোমবার সকাল ১০ টার দিকে সরকারি কলেজ মাঠে খেলার উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সরকারি কলেজের সভাপতি উপজেলা নার্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন লেখাপড়ার পাশা পাশি খেলা ধুলা তোমাদের শরীর ও মনকে সুস্থ রাখবে। এ ছাড়াও সাংস্কৃতিক অনুষ্টান, ডিবেড, বিতর্ক প্রতিযোগীতা করতে হবে, এতে শিক্ষার্থী জ্ঞান বৃদ্ধি করবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু, ভাইস চেয়ারম্যান অ্যাড: সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, বিশিষ্ট শিক্ষানুরাগী উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা।

প্রভাষক মাকসুদুর রহমানের উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, কাউন্সিলর জহুরুল ইসলাম, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজা, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, সম্পাদক সেলিম রেজা তপন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন সহকারি অধ্যাপক মামুনউজ্জামান, শেখ শফিউজ্জামান, মহিতুর রহমান, মোনায়েম, তাপস রশিদ, জামাল উদ্দিন, শরিয়ত উল্লাহ, সেলিম উদ্দিন, আব্দুল ওয়াদুদ, মাহফুজুর রহমান, জামাল উদ্দিন, শিউলি খাতুন, প্রমুখ।

প্রথম খেলা দ্বাদশ শ্রেনীর বিজ্ঞান বনাম মানবিক। ৩০ অক্টোবর সেমিফাইনাল ও ৩১ অক্টোবর ফাইনাল খেলা ও পুরস্কার অনুষ্টিত হবে।

এর আগে পায়রা উড়িয়ে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হয়। উপজেলা ভাইস চেয়ারম্যান সরকারি কলেজকে একটি ফুটবল প্রদান করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতির নাতি আইয়ানের প্রথম জন্মদিন পালিত

আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতির নাতি আইয়ানের প্রথম জন্মদিন পালিত হয়েছে।
গতকাল রাত ৮ টার দিকে মাদ্রাসা পাড়াস্থ খন্দকার শাহ আলম মন্টুর বাস ভবনে ছোট মেয়ের এক মাত্র সন্তান আইয়ানের জন্মদিন পালিত হয়েছে।

প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর ছোট মেয়ে মাহফুজা সুলতানা, স্বামী প্রবাসি সাদ্দাম হোসের এক মাত্র ছেলে আজমাইন হোসেন আইয়ানের জন্মদিন উপলক্ষে কেক কেটে জন্মদিন পালন করে পরিবারের লোকজন।

এ সময় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সহ-সভাপতি রহমান মুকুল, শেখ শফিউজ্জামান, আনোয়ার হোসেন, জামসিদুল হক মুনি, শরিফুল ইসলাম রোকন, গোলাম সরোয়ার সদু প্রমুখ।

আইয়ানের নানা খন্দকার শাহ আলম মন্টু ও নানী জেসমিন সুলতানা সকলের কাছে দোয়া চেয়েছেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

গাংনীর বামুন্দী অঞ্চলের ৩ রাস্তার কাজ বন্ধে অভিযোগ

একটি মামলার কারণে মেহেরপুরের গাংনীর তিনটা গুরুত্বপূর্ণ সড়ক সংস্কার কাজ বন্ধ রয়েছে শিরোনামে টেলিভিশন ও কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশের পর মামলাটি ১ সপ্তাহের মধ্যে নিস্পত্তি করা হবে বলে জানিয়েছে মামলার বাদী জাকা মোল্লা।

সোমবার রাতে সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেছেন তিনি। চুয়াডাঙ্গা জেলার জীবনগর উপজেলার বাসিন্দা ঠিকাদার জাকা মোল্লা জানান, এলাকাবাসির দূর্ভোগের কথা চিন্তা করেই আগামী ১সপ্তাহের মধ্যে মামলাটি নিস্পত্তি করা হবে।

তিনি আরো বলেন, ১ বছর পূর্বে গাংনী উপজেলার ৯টি রাস্তার কাজ লটারির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া শেষ করা হয়। মেহেরপুর জেলার কয়েকজন ঠিকাদার ৬টি, কুষ্টিয়ার একজন ২টি ও তিনি ১টি কাজ লটারির মাধ্যমে বিজয়ী হন।

মেহেরপুরের ৬টা কাজের অনুমতি দিলেও মেহেরপুর এলজিইডি অফিসের উপসহকারী প্রকৌশলী আব্দুর রহমানের সাজগোজে নানা অজুহাত দেখিয়ে আমাদের বাকী ৩টা টেন্ডার বাতিল করতে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে লিখিত দিলে সেই ৩ টা কাজের টেন্ডার বাতিল হয়। পরে লটারিতে বিজয়ী হওয়ার পর কাজ না দিয়ে টেন্ডার বাতিল করায় তিনি হাইকোর্টে একটি মামলা দায়ের করেন। হাইকোর্টে মামলায় তিনি পক্ষে রায় পেলেও এলজিইডি আবারও আপিল করে। একারনে সড়ক সংস্কার কাজ বন্ধ রয়েছে।

ঐ তিনটা কাজ বন্ধ হওয়ার পিছনে কলকাঠি নেড়েছেন মেহেরপুর এলজিইডি অফিসের উপসহকারী প্রকৌশলী আব্দুর রহমান। তবে মামলায় আগামি এক সপ্তাহের মধ্যে নিস্পত্তি করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

নির্বাহী প্রকৌশলী মো: আছাদুজ্জামানের সরকারী নম্বরে কল দিলে তিনিও রিসিভ করেননি। এ বিষয়ে জানতে সোমবার সন্ধ্যায় উপসহকারী প্রকৌশলী আব্দুর রহমানের মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও তিনিও রিসিভ করেননি।

বামুন্দী ইউপি চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি মো: শহিদুল ইসলাম বিশ্বাস জানান, ভাঙ্গাচোরা রাস্তার কারণে বামুন্দী অঞ্চলের মানুষ চরম দূর্ভোগে পড়েছে। জনগণকে দূর্ভোগ দেওয়ার পিছনে যদি সহকারী প্রকৌশলী আব্দুর রহমান দায়ি থাকেন তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করছি।

মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, জনগণকে জিম্মি করে কেউ ফায়দা লুটবে তা হতে দেয়া হবেনা। ঠিকাদারকে তিনি দ্রত মামলা নিস্পত্তি করার তাগিদ দিয়েছি। তবে জনগনকে দূর্ভোগ দেওয়ার জন্য যারা জড়িত তাদের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে।

উল্লেখ্য: গাংনী উপজেলার বামুন্দী-কাজিপুর, কাজিপুর নওদাপাড়া, আকুবপুর মোহাম্মদপুর হয়ে গোয়াল গ্রাম পর্যন্ত এই সড়কটি ঠিকাদারের মামলার কারনে দীর্ঘ কয়েক বছর সংস্কার কাজ বন্ধ রয়েছে। একযুগেরও বেশি সময় আগে সংস্কার হলেও বর্তমানে ঐ সড়ক গুলো দিয়ে চলাচল কষ্ট সাধ্য হয়েছে পড়েছে।

গাংনী উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে জানা গেছে, ১ বছর পূর্বে বামুন্দী কাজিপুর সড়ক ১ কোটি ৫ লক্ষ, মোহাম্মদপুর-গোয়াল গ্রাম ১ কোটি ১৩ লক্ষ ও নওদাপাড়া-কাজিপুর সড় প্রায় ৩ কোটি টাকার টেন্ডার হয়।

কিন্তু লটারি বিজয়ীদের কাজ না দেওয়ার কারনে মামলা করলে সড়ক সংস্কার কাজ বন্ধ হয়ে যায়। সহকারী প্রকৌশলী আব্দুর রহমান ১৭/০২/২০৪ সালে মেহেরপুরে যোগদান করেন বলে এলজিইডি অফিস সূত্রে জানা গেছে।

গাংনী প্রতিনিধি

সভাপতি শওকত, সম্পদক ফাহাদ

মেহেরপুর শহর আওয়ামী লীগের উদ্যোগে ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে শওকত আলী কে সভাপতি ও ফাহাদ

আলীকে সম্পাদক করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধায় ৪ নং ওয়ার্ডের শেখ পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে সম্মেলন অনুষ্ঠিত হয়।

শহর আওয়ামী লীগের সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলামের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য দেন সাধারণ সম্পাদক আক্কাস আলী যুগ্ম সম্পাদক আসলাম হোসেন পিন্টু, আওয়ামী লীগ নেতা শওকত আলী, ফাহাদ আলী প্রমুখ।

:শহর প্রতিনিধি

মেহেরপুরে টাকা না পেয়ে অন্ধ মহিলার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছে ইউপি সদস্য

মেহেরপুরের গাংনীতে ২ হাজার টাকা না দেওয়ায় হাসিনা খাতুন নামের এক অন্ধ মহিলার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছে ধানখোলা ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু।

অন্ধ হাসিনা খাতুন ধানখোলা ইউপির কসবা গ্রামের মামুনুর রশিদের স্ত্রী। অন্ধের ভিজিডি কার্ড কেটে দেওয়ায় এলাকায় নানা সমালোচনার মুখে পড়েছে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু।

অন্ধ হাসিনা খাতুন জানান, ইতোপূর্বে বিভিন্ন পত্রিকায় অন্ধ জীবনের করুন দশা নিয়ে বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশের পর তৎকালীন মেহেরপুর জেলা প্রশাসক পরিমল সিংহ স্যারের সুপারিশে ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান ৩০ কেজি চাউলের একটি ভিজিডি কার্ড করে দেয়।

কিন্তু গত কয়েক মাস আগে কসবা গ্রামের ৬ নং ওয়ার্ডের মেম্বর তৌহিদী হাসান নিলু ২ হাজার টাকা দাবি করে। টাকা না দেওয়ার কারণে আমার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছে।

এ ব্যপারে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু জানান, হাসিনার ১৫০ নং কার্ডটি কেটে দেবার বিষয়ে শুনেছি।

তবে চেয়ারম্যান উক্ত কার্ডটি কেটে শানঘাট এতিমখাতানায় দিয়েছেন। আমি অন্ধ হাসিনার কাছে টাকাও চাইনী এ ব্যপারে কিছু জানিনা। তবে আমাদের ইউনিয়নে মাতৃত্বকালীণ ভাতা কার্ড পেয়েছে ৮০ টি।

সেখানে আমাকে দিয়েছে মাত্র ১ টি।
এর প্রতিবাদ করাই আখের চেয়ারম্যান আমার বিরুদ্ধে গভির ষড়যন্ত্র করে অন্ধ মহিলার কার্ড কেটে দিয়েছে। বিষয়টি উদর পিন্ডি বুদোর ঘাড়ে দেবার পায়তারায় লিপ্ত হয়েছে ইউপি চেয়ারম্যান।

ধানখোলা ইউপি আওয়ামী লীগের সভাপতি আলী আজগর জানান, হাসিনা অন্ধ ও গরিব মানুষ তার ভিজিডি’র কার্ড কাটা ঠিক হয়নি। নিলু মেম্বার নয়া আওয়ামী লীগ সাজার চেষ্টা করে।

ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানকে মোবাইলে একাধিকবার যোগাযোগ করা হলে তিনি সাড়া না দেয়াই কোনো বক্তব্য পাওয়া যায়নি।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনি জানান, টাকার জন্য অন্ধ মহিলার কার্ড কেটে দিয়েছে এটা কোন ভাবেই মেনে নেয়া যায়না। অবশ্যই এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী প্রতিনিধি

গাংনীর সাহারবাটি ইউনিয়নে মাতৃত্বভাতার আবেদন কারীদের যাচাই বাছাই সম্পন্ন

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নে মাতৃত্বকালীণ ভাতা ভোগীদের নামের তালিকা চুড়ান্ত করতে গণশুনানী ও যাচাই বাছাই পর্ব অনুীষ্ঠত হয়েছে।

রবিবার সকাল ১০ টার সময় সাহারবাটি ইউনিয়ন পরিষদ সভাকক্ষে ইউনিয়নের প্রান্তিক পর্যায়ের দুস্থ্য গর্ববতী ও প্রসাবকালীণ মায়েদের যাচাই বাছাই কাজের আনুষ্ঠানিকতা শরু হয়। স্বচ্ছ ও জবাদিহিতার জায়গা থেকে গরিব ও দুস্থ্যদের মাতৃত্ব ভাতার আওতায় আনার লক্ষ্যে স্থানীয় গন্যমান্য ব্যাক্তি, ইউপি সদস্যদের উপস্থিতিতে ৮০ জন আবেদনকারীর সাক্ষাতকার গ্রহন করেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

এসময় ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, ইউনিয়নের প্রতিটি কাজে স্বচ্ছতা নিরেপেক্ষতা ও জবাদিহিতা নিশ্চিত করতেই ইউপি সদস্যদের দেয়া তালিকার যাচাই-বাছাই করা হয়েছে। প্রকৃতপক্ষে যারা মাতৃত্বভাতার আওতাভুক্ত হওয়ার যোগ্য তাদেরকেই এ কার্ডের তালিকায় রাখা হবে।

এ সময় উপস্থিত ছিলেন, ইউপি সচিব আব্দুল মতিন, ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, গাংনী সরকারি ডিগ্রী কলেজের হিসাব রক্ষণ অফিসার রবিউল ইসলামসহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

নিজস্ব প্রতিনিধি

গাংনীর সাহারবাটিতে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা

‘সকলের হাত, পরিছন্ন থাক’-‘সকলের জন্য উন্নত স্যানিটেশন, নিশ্চিত হোক সুস্থ্য জীবন’ এ প্রতিপাদ্যে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ২০১৯ ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১ টার সময় ইউপি চেয়ারম্যান গোলাম ফারুকের নেতৃত্বে একটি র্যালী সাহারবকাটি ইউনিয়ন পরিষদ চত্বর থেকে বের হয়ে বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে। পরে পরিষদ সভাকক্ষে অলোচনা সভা অনুষ্ঠিত

হয়।

এ সময় বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, এসকেএস ফাউন্ডেশনের প্রজেক্ট অফিসার পরিমল চন্দ্র। ইউপি সচিব আব্দুল মতিন, ইউপি সদস্য বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গোভীপুর থেকে সিগারেটের প্রচার সামগ্রী জব্দ

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামে অভিযান চালিয়ে সিগারেটের প্রচার সামগ্রী জব্দ করা হয়েছে।

রবিবার দুপুরের দিকে স্যানেটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম এই অভিযান পরিচালনা করেন। অভিযান কালে বিভিন্ন দোকানে তামাকজাত দ্রব্য সিগারেটের বিজ্ঞাপন প্রদর্শন কার্যক্রম দেখা যায়।

এ সময় গোভীপুর গ্রামের ৫টি দোকান থেকে সিগারেট প্রচার সামগ্রী জব্দ এবং দোকান মালিকদের ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন অমান্য করে প্রচার চালানোর অভিযোগ সতর্ক করে দেওয়া হয়েছে।

নিজস্ব প্রতিনিধি

আওয়ামী লীগের জেলা-উপজেলা

কাউন্সিল: বিতর্কিতদের কমিটিতে না রাখতে তৃণমূলে চিঠি

আওয়ামী লীগে চলমান শুদ্ধি অভিযানের ঢেউ লেগেছে তৃণমূলেও। এ ব্যাপারে জেলা-উপজেলা নেতাদের সতর্ক করে শনিবার থেকে চিঠি পাঠানো শুরু করেছে কেন্দ্রীয় আওয়ামী লীগ।

চিঠিতে অনুপ্রবেশকারী, দুর্নীতি ও চাঁদাবাজ, বিতর্কিত, যারা দলে বলয় তৈরি করে বিশৃঙ্খলা সৃষ্টি করেছেন ও ‘পদ বাণিজ্যে’র সঙ্গে জড়িত- এমন নেতাদের কোনো স্তরের কমিটিতে স্থান না দিতে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে। আওয়ামী লীগ সভাপতির ধানম-◌ির কার্যালয় সূত্রে জানা গেছে এসব তথ্য।

এ বিষয়ে জানতে চাইলে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মোহাম্মদ নাসিম বলেন, দল দীর্ঘদিন ক্ষমতায় থাকায় বিভিন্ন জায়গায় অনুপ্রবেশকারী, সুযোগসন্ধানী ও বিতর্কিতরা ঢুকে পড়েছে। এদের কারণে দলের ভাবমূর্তি ক্ষুণœ হয়। অনেক সময় বিশৃঙ্খলাও সৃষ্টি হয়। আওয়ামী লীগের জাতীয় সম্মেলনের আগে তৃণমূল সম্মেলন গুলো হচ্ছে। এটাই মুখ্য সময় এদের বিষয়ে সতর্ক থাকার। তাই এ বিষয়ে সবাইকে সতর্ক থাকার নির্দেশনা দেয়া হয়েছে। যেন কোনোভাবেই বিতর্কিত ও অনুপ্রবেশকারীরা দলে জায়গা না পায়।

ক্ষমতাসীন দলের নীতিনির্ধারণী সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার গতকাল রবাইজান যাওয়ার আগে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃণমূলে কাউন্সিলের (সম্মেলন) আয়োজন ও নতুন কমিটিতে বিতর্কিতদের না রাখার বিষয়ে দিকনির্দেশনা দিয়ে যান। এরপর সেদিনই বিষয়টি নিয়ে ধানম-◌ির আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে দলের নেতাদের নিয়ে বৈঠক করেন সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বৈঠকে তৃণমূলে চিঠি পাঠানোর সিদ্ধান্ত হয়। শুক্রবার এসব চিঠিতে স্বাক্ষর করেন তিনি। শনিবার দুপুর থেকে এসব চিঠি জেলা-উপজেলা সভাপতি-সাধারণ সম্পাদকের ঠিকানা বরাবর কুরিয়ার সার্ভিসে পাঠানো শুরু হয়।

আরও জানা গেছে, কিছুদিন আগে তৃণমূলে চিঠি পাঠানো হয়েছে। সেখানে ১০ ডিসেম্বরের মধ্যে সব পর্যায়ের কাউন্সিল শেষ করে তা তালিকা আকারে কেন্দ্রে পাঠাতে বলা হয়েছে। চিঠিতে তৃণমূল পর্যায়ে আওয়ামী

লীগের সহযোগী সংগঠনের কমিটি থেকেও বিতর্কিত ব্যক্তিদের বাদ দেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। এটি চলমান ‘শুদ্ধি’ অভিযানের অংশ বলে দলটির নীতিনির্ধারণী সূত্র থেকে বলা হয়েছে।

এদিকে শুদ্ধি অভিযানের মধ্যে গতি বেড়েছে আওয়ামী লীগের তৃণমূল সম্মেলনেও। কেন্দ্রীয় আওয়ামী লীগের বেঁধে দেয়া সময়ের মধ্যেই মেয়াদোত্তীর্ণ জেলা, উপজেলার কাউন্সিল শেষ করতে চান দলটির দায়িত্বপ্রাপ্ত নেতারা। ইতিমধ্যে মাঠেও নেমে পড়েছেন তারা। প্রায় প্রতিটি জেলা, মহানগর ও উপজেলায় কর্মিসভা এবং বর্ধিত সভা করেছেন। এরপরই শুরু হয়েছে জেলা-উপজেলা কাউন্সিল। প্রায় অর্ধশত উপজেলা- থানা আওয়ামী লীগের সম্মেলন ইতিমধ্যে শেষ হয়েছে। শুরু হয়েছে জেলা আওয়ামী লীগের সম্মেলনও। বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত যুগ্ম ও সাংগঠনিক সম্পাদকরা বলছেন, ৩০ নভেম্বরের মধ্যে মেয়াদোত্তীর্ণ সব উপজেলা এবং ডিসেম্বরের ১০ তারিখের মধ্যে জেলা সম্মেলন শেষ করার পরিকল্পনা রয়েছে তাদের।

আওয়ামী লীগের আগের কমিটির মেয়াদে (২০১২ থেকে ২০১৬ সালে) ৫৮টি সাংগঠনিক জেলার সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। ২০১৬ সালের ২৩ অক্টোবর জাতীয় সম্মেলনের পর ৭৮টি সাংগঠনিক জেলার মধ্যে শুধু একটিতে (২০১৭ সালের ২৮ অক্টোবর মৌলভীবাজার) সম্মেলন হয়েছিল। বাকি প্রায় সবগুলোর মেয়াদ উত্তীর্ণ ছিল। এর মধ্যে চাঁদপুর, কুমিল্লা দক্ষিণ, নেত্রকোনা, সুনামগঞ্জ, শরীয়তপুর ও গাইবান্ধাসহ কিছু জেলা কমিটির মেয়াদ শেষ হয় গত মার্চ, ফেব্রুয়ারি ও জানুয়ারিতে। আর বান্দরবান, রাঙ্গামাটি, নোয়াখালী, বাগেরহাট, কক্সবাজার ও মাগুরাসহ বেশকিছু জেলা কমিটির মেয়াদ শেষ হয়েছে গত বছর।

কিছু জেলা কমিটির মেয়াদ শেষ হয়েছে তারও আগে। আর উপজেলা-থানা ও ইউনিয়ন আওয়ামী লীগের কমিটির মেয়াদ শেষ হয়েছিল অনেক আগেই।
এরই মধ্যে আওয়ামী লীগকে কেন্দ্র থেকে একেবারে তৃণমূল পর্যন্ত ঢেলে সাজানোর উদ্যোগ নেয়া হয়। আগামী ২০-২১ ডিসেম্বর আওয়ামী লীগের ২১তম জাতীয় কাউন্সিল করার ঘোষণা দেয়া হয়। এরপর আগামী ১০ ডিসেম্বরের মধ্যে আওয়ামী লীগের সাংগঠনিক জেলা, মহানগর, উপজেলা, থানা, পৌর, ইউনিয়ন ও ওয়ার্ডের মেয়াদ উত্তীর্ণ সব কমিটির সম্মেলন করার নির্দেশ দেয়া হয়েছে। কেন্দ্রীয় আওয়ামী লীগের নির্দেশনার পরই মাঠে নামে আওয়ামী লীগের বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত যুগ্ম ও সাংগঠনিক সম্পাদকরা। কোন কমিটির মেয়াদ নেই, কতদিন আগে মেয়াদ শেষ হয়েছে, কমিটি গঠনে কি কি সমস্যা রয়েছে- সেসব বিষয়ে সাংগঠনিক পরিকল্পনা তৈরি করেন তারা।

আগামী সপ্তাহে বান্দরবান জেলার সম্মেলন হবে। এরপর কক্সবাজার আছে। কাল (রোববার) চট্টগ্রামে প্রতিনিধি সভা আছে।

আশা করছি নির্ধারিত সময়ের মধ্যেই মেয়াদ উত্তীর্ণ জেলা, উপজেলা আওয়ামী লীগের সবগুলোর সম্মেলন শেষ করতে পারব।

নিজস্ব প্রতিনিধি

ক্রিকেটে এবার সাকিব গুঞ্জন

বাংলাদেশের ক্রিকেট স্বাভাবিক হতে চাইছেই না। তিন দিনের আন্দোলনের পর জাতীয় লিগে ফিরেছেন ক্রিকেটাররা।

ভারত সফরের প্রস্তুতিও শুরু হয়েছে। এর মাঝেই আবার ধাক্কা এল ক্রিকেটে। জাতীয় দলের অধিনায়ক সাকিব আল হাসানকে চুক্তিভঙ্গের কারণ দর্শাতে বলেছে ক্রিকেট বোর্ড।
সকাল থেকেই ক্রিকেট পাড়ায় গুঞ্জন, সাকিবের বিরুদ্ধে আইনি নোটিশ পাঠানোর চিন্তা করছে বিসিবি।

দেশের শীর্ষস্থানীয় একটি মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠান ‘গ্রামীণফোন’ এর পণ্যদূত হয়েছেন জাতীয় দলের অধিনায়ক সাকিব আল হাসান। আর পুরো ব্যাপারটাই হয়েছে বিসিবির কাছ থেকে অনাপত্তিপত্র না নিয়েই। ক্রিকেট বোর্ডের দাবি, খেলোয়াড়দের চুক্তিপত্রে আলাদা করে বলা হয়েছে এমন কোনো চুক্তি করা যাবে না। তবু সাকিবের এমন চুক্তি মেনে নিতে পারছে না বিসিবি।

এ ব্যাপারে মিরপুরে কথা বলেছেন বোর্ড সভাপতি নাজমুল হাসান। দলের প্রস্তুতি দেখা ও নতুন স্পিন কোচ ডেনিয়েল ভেট্টোরির সঙ্গে সাক্ষাতের জন্য এসে সাকিবের ব্যাপারেও কথা বলেছেন নাজমুল।

সংবাদমাধ্যমের সঙ্গে কথোপকথনে জানিয়েছেন সাকিবকে কারণ দর্শাতে হবে, ‘আমাদের আইন অনুযায়ী এটা কোনোভাবেই করার কথা না। করতে পারে না। এ ব্যাপারে কোনো সন্দেহ নেই। ওই টেলিকম প্রতিষ্ঠান (গ্রামীণফোন) জানে, খেলোয়াড়েরাও জানে। এবং ওদের সঙ্গে আমাদের চুক্তি হয়েছে। কাজেই এটা কেন করল ওকে আগে আত্মপক্ষ সমর্থনের

সুযোগ দিতে হবে।

সে কারণেই ঠিক করেছি ওকে চিঠি দেওয়ার। কিন্তু একটা জিনিস আমরা জানি, এটা কোনোভাবে করতে পারে না। এটা সম্পূর্ণ বেআইনি।’

গত ২১ অক্টোবর দাবি আদায়ে দেশের শীর্ষ ক্রিকেটারদের ধর্মঘটে বাংলাদেশের ক্রিকেটে অচলাবস্থা সৃষ্টি হয়। তিন দিন চলা এ আন্দোলনের পর বিসিবি জানায়, তারা বেশির ভাগ দাবি পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে।

বিসিবি অধিকাংশ দাবি মেনে নেওয়ার আশ্বাস দেওয়ায় ধর্মঘট স্থগিত করেন ক্রিকেটাররা। আন্দোলনের দ্বিতীয় দিন গত ২২ অক্টোবর ক্রিকেটারদের ধর্মঘটের সময় সাকিব আল হাসানকে তাদের নতুন পণ্যদূত হিসেবে ঘোষণা দেয় গ্রামীণফোন।

এ ব্যাপারে এএফপির সঙ্গে দিনের প্রথমভাগে কথা বলেছেন ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাহী নিজামউদ্দিন চৌধুরী, ‘আমরা বিশ্বাস করি সে যা করেছে তাতে বোর্ডের সঙ্গে চুক্তির শর্ত ভঙ্গ হয়েছে এবং যেভাবে চুক্তি করা হয়েছে তাতে নিয়ম ভাঙা হয়েছে। অবশ্যই আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নেব।

:নিজস্ব প্রতিনিধি